

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা



ইনোভেশন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত সভা

সভাপতি	ফরিদা পারভীন অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৩.০২.২০২১ খ্রীঃ
সভার সময়	বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত সভায় এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও ইনোভেশন টিমের চীফ ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি ইনোভেশন টিমের সদস্য সচিবকে আলোচ্য বিষয় অনুযায়ী উপস্থাপনা শুরু করার জন্য অনুরোধ জানান।

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
০১।	সেলাই মেশিন বিতরণ কার্যক্রম সংক্রান্ত সেবা সহজীকরণ এর নিমিত্তে সফটওয়্যারটির ডেমো পর্যালোচনা ও পরিবীক্ষণ	ইনোভেশন টিমের সদস্য সচিব জানান, সফটওয়্যারটি'র কাজ চলমান আছে এবং ইতিমধ্যে একবার অনলাইনে প্রাথমিক লে আউট ও ওয়ার্কফ্লো দেখা হয়েছে। সেলাই মেশিন বিতরণ কার্যক্রম পরিচালনাকারী শাখা'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সেবা সহজীকরণ আইডিয়া প্রদানকারী উপসচিব (মবিঅ-২) জানান যে, খুব শীঘ্রই চূড়ান্তভাবে সফটওয়্যারটি দেখার পর তা চালু করা হবে। সভাপতি দ্রুত সফটওয়্যারটি চালু করে আবেদন গ্রহণ ও ডাটাবেজ প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করেন।	সেলাই মেশিন উপকারভোগীদের ডাটাবেজটি দ্রুত চালু করতে হবে, যাতে উপকারভোগীরা অনলাইনে আবেদন সহজেই করতে পারে।
০২।	মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্প সমূহ পরিদর্শন কার্যক্রমের পরিবীক্ষণ সংক্রান্ত	ইনোভেশন টিমের সদস্য সচিব জানান, কর্মসম্পাদন সূচক ১৩.৩.১ অনুযায়ী বাস্তবায়নাধীন/চলমান ০৭ টি উদ্ভাবন প্রকল্প পরিদর্শন করতে হবে। কিন্তু করোনা পরিস্থিতি'র কারণে সরেজমিনে এই পর্যন্ত পরিদর্শন হয় নাই। সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে চলতি অর্থবছরের ভিতর দ্রুত অনলাইনে উদ্ভাবন প্রকল্প সমূহ পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন।	ইনোভেশন টিমের সদস্যবৃন্দ দ্রুত অনলাইনে উদ্ভাবন প্রকল্প সমূহের কার্যক্রম পরিদর্শন করবেন এবং পরিদর্শনের রিপোর্ট প্রদান করবেন।
০৩।	পাইলটিং বাস্তবায়ন এর মূল্যায়ন সংক্রান্ত	ইনোভেশন টিমের সদস্য সচিব জানান, কর্মসম্পাদন সূচক ৬.২.১ অনুযায়ী স্ব স্ব প্রতিষ্ঠান পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন করবে। এর প্রেক্ষিতে সভাপতি মন্ত্রণালয়ের ইনোভেশন আইডিয়া (প্রতিষ্ঠান ডাইরেক্টরি) টি উপস্থাপনা করার জন্য ইনোভেশন টিমের সদস্য সচিব এবং প্রোগ্রামার মোঃ ইনামুল হককে অনুরোধ জানান। প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, সফটওয়্যারটি প্রস্তুত হয়ে গিয়েছে এবং এর লিঙ্ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়া আছে। এছাড়াও, দপ্তর/সংস্থাকে স্ব স্ব দপ্তরের তথ্য সংযোজনের জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড দেয়া হয়েছে। পাইলটিং বেসিস এ জাতীয় মহিলা সংস্থা প্রতিষ্ঠানের কিছু তথ্য এন্ট্রি দিচ্ছে এবং তথ্যসমূহ ড্যাশবোর্ড এ দেখা যাচ্ছে। সফটওয়্যারটি'র বিভিন্ন মডিউল দেখে সভাপতিসহ কিমিটি'র অন্যান্য সদস্যবৃন্দ সন্তোষ প্রকাশ করেন এবং আইডিয়াটি ফেলুআপ করার ব্যাপারে মতামত দেন। সভাপতি উল্লেখ করেন, পর্যায়ক্রমে এই সফটওয়্যার এ সারা বাংলাদেশে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে প্রতিষ্ঠান এবং কর্মকর্তা/কর্মচারীদের সাথে দ্রুত যোগাযোগের তথ্য সংযোজন করেন। প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের তথ্য সংযোজন মবিঅ-১ শাখা হতে করা হবে।	প্রতিষ্ঠান ডাইরেক্টরি সফটওয়্যারটি'র পাইলটিং সফলভাবে বাস্তবায়িত হয়েছে। পরবর্তী পর্যায়ে মাঠ পর্যায়ের সকল অফিসের সাথে দ্রুত যোগাযোগের তথ্য, কর্মকর্তা/কর্মচারীদের মোবাইল, ইমেইল নং এবং প্রোফাইল স্ব স্ব দপ্তর/সংস্থা সংযোজন করবে।



ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৩৫

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৭

০১ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) যুগ্মসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) উপ-সচিব, বাজেট ও অডিট অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৫) উপসচিব, মবিঅ-২ অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (ইনোভেশন কর্ণারে কার্যবিবরণিটি প্রকাশের অনুরোধসহ)
- ৮) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়



মোঃ ইনামুল হক
প্রোগ্রামার